বিশ্বের সবচেয়ে দামি স্কারলেট

বিশ্বের সর্বোচ্চ উপার্জনকারী অভিনেত্রী হিসেবে ফোর্বসের তালিকায় শীর্ষস্থান দখল করেছেন হলিউড অভিনেত্রী স্কারলেট জোহানসন। ‘অ্যাভেঞ্জার্স: এন্ডগেম’র সাফল্যের সুবাদে এই অভিনেত্রী চলতি বছর উপার্জন করেছেন ৫৬ মিলিয়ন ডলার।

অন্যদিকে দ্বিতীয় সর্বোচ্চ আয় করেছেন ‘মডার্ন ফ্যামিলি’খ্যাত অভিনেত্রী সোফিয়া ভার্গারা। তার আয় ৪৪ মিলিয়ন ডলারের বেশি। আর ‘বিগ লিটল লাইস’ অভিনেত্রী রিজ উইদারস্পুন ও নিকোল কিডম্যান রয়েছেন যথাক্রমে তৃতীয় ও চতুর্থ স্থানে।

অভিনেত্রী জেনিফার অ্যানিস্টন ২৮ মিলিয়ন ডলার আয় করে এই তালিকায় পঞ্চম স্থানে রয়েছেন। ফোর্বস উল্লেখ করেছে, চলতি বছর সর্বোচ্চ উপার্জনকারী অভিনেত্রীদের মোট আয় ৬৯ শতাংশ বেড়ে ৩১৪ দশমিক ৬ মিলিয়ন ডলার হয়েছে। কিন্তু এই অঙ্কটি পুরুষ সহ-অভিনেতাদের মোট আয়ের চেয়ে অনেক পিছিয়ে।

একই সময়ে সেরা আয়ের পুরুষ অভিনেতাদের মোট উপার্জন ৫৮৮ দশমিক ৩ মিলিয়ন ডলার। প্রসঙ্গত, ২০১৮ সালেও ফোর্বসের তালিকায় ৪০ মিলিয়ন ডলার আয় করে শীর্ষস্থানে ছিলেন স্কারলেট। আর ২৮ মিলিয়ন ডলার আয় করে দ্বিতীয় স্থানে অ্যাঞ্জেলিনা জোলি এবং ১৯ মিলিয়ন ডলার আয় করে তৃতীয় স্থানে ছিলেন জেনিফার অ্যানিস্টন।